

১। **ভিত্তি প্রস্তর স্থাপন।** গত ২৫ সেপ্টেম্বর ২০২২ তারিখ সকাল ১০৩০ ঘটিকায় মাননীয় নৌবাহিনী প্রধান এডমিরাল এম শাহীন ইকবাল, এনবিপি, এনইউপি, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি বানোজা তিতুমীর ঘাঁটিতে ১০ তলা বিশিষ্ট এমটিপুল ও মাল্টিপারপাস ভবন এবং ১১১৫ ঘটিকায় বাংলাদেশ নৌবাহিনী স্কুল এন্ড কলেজ, খুলনায় ৬ তলা বিশিষ্ট রোকেয়া ভবনের ভিত্তি প্রস্তর স্থাপন করেন। এসময় খুলনা নৌ অঞ্চলের বিভিন্ন স্তরের কর্মকর্তা ও নাবিকগণ উপস্থিত ছিলেন।



চিত্রঃ মাননীয় নৌবাহিনী প্রধান কর্তৃক বানোজা তিতুমীর ঘাঁটিতে ১০ তলা বিশিষ্ট এমটিপুল ও মাল্টিপারপাস ভবন এবং বাংলাদেশ নৌবাহিনী স্কুল এন্ড কলেজ, খুলনায় ৬তলা বিশিষ্ট রোকেয়া ভবনের ভিত্তি প্রস্তর স্থাপন।

২। **প্রেসিডেন্ট বিএনএফডব্লিউ এর সম্মানে সাংস্কৃতিক অনুষ্ঠান।** গত ২৫ সেপ্টেম্বর ২০২২ তারিখ সকাল ১০০০ ঘটিকায় বানোজা তিতুমীর ওয়ার্ডরুমের ব্যাংকুয়েট হলে বিএনএফডব্লিউএ এর প্রেসিডেন্ট বেগম মনিরা রওশন ইকবালের সম্মানে এক মনোমুগ্ধকর সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। উক্ত অনুষ্ঠানে খুলনা নৌ অঞ্চলের কর্মকর্তাবৃন্দের পত্নীগণ উপস্থিত ছিলেন।



চিত্রঃ বিএনএফডব্লিউএ এর প্রেসিডেন্ট বেগম মনিরা রওশন ইকবালের সম্মানে আয়োজিত সাংস্কৃতিক অনুষ্ঠান।

৩। **অফিসার্স প্রমোশন পার্টি।** গত ২৪ সেপ্টেম্বর ২০২২ তারিখ খুলনা নৌ অঞ্চলের লেঃ কমান্ডার ও তদুর্ধ্ব পদবীর পদোন্নতি প্রাপ্ত কর্মকর্তাদের আয়োজনে ‘অফিসার্স প্রমোশন পার্টি-২০২২’ বানোজা তিতুমীর এর ফেয়ারওয়ে মাল্টিপারপাস হলে অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে মাননীয় নৌবাহিনী প্রধান এডমিরাল এম শাহীন ইকবাল, এনবিপি, এনইউপি, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি ও বিশেষ অতিথি হিসেবে বিএনএফডব্লিউএ এর প্রেসিডেন্ট বেগম মনিরা রওশন ইকবাল উপস্থিত ছিলেন।



চিত্রঃ খুলনা নৌ অঞ্চলের ‘অফিসার্স প্রমোশন পার্টি - ২০২২’।

সীমিত

৪। শুদ্ধাচার এর উপর আলোচনা। গত ১১ সেপ্টেম্বর ২০২২ তারিখ সকাল ০৯০০ ঘটিকায় বানোজা তিতুমীর প্যারেড গ্রাউন্ড এর গ্যালারীতে শুদ্ধাচার এর উপরে আলোচনা করা হয়। উক্ত আলোচনায় কর্তব্যরত ব্যক্তি ব্যতীত সকল নৌ সদস্য উপস্থিত ছিলেন।



চিত্রঃ বানোজা তিতুমীর প্যারেড গ্রাউন্ড এর গ্যালারীতে শুদ্ধাচার এর আলোচনার।

৫। স্টাডি পিরিয়ড। গত ১৩ সেপ্টেম্বর ২০২২ তারিখ বানোজা তিতুমীর ফেয়ারওয়ে মাল্টিপারপাস হলে ‘FOOD HYGIENE AND FOOD SAFETY’ এর উপর স্টাডি পিরিয়ড অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে খুলনা নৌ অঞ্চলের নির্বাচিত কর্মকর্তা ও নাবিকগণ উপস্থিত ছিলেন।



চিত্রঃ ‘FOOD HYGIENE AND FOOD SAFETY’ এর উপর অনুষ্ঠিত স্টাডি পিরিয়ড।

৬। সম্মিলিত পিটি। গত ১৪ সেপ্টেম্বর ২০২২ তারিখ বানোজা তিতুমীর প্যারেড গ্রাউন্ডে সম্মিলিত পিটি অনুষ্ঠিত হয়। উক্ত সম্মিলিত পিটিতে কর্তব্যরত ব্যক্তি ব্যতীত বানোজা তিতুমীরের সকল কর্মকর্তা, জেসিও’স, পিও’স এবং নাবিকবৃন্দ উপস্থিত ছিলেন।



চিত্রঃ বানোজা তিতুমীর প্যারেড গ্রাউন্ডে সম্মিলিত অনুষ্ঠিত পিটি।

সীমিত

৭। **কমান্ডার খুলনা নৌ অঞ্চল ফুটবল প্রতিযোগিতা ২০২২।** গত ২২ সেপ্টেম্বর ২০২২ তারিখ কমান্ডার খুলনা নৌ অঞ্চল চূড়ান্ত ফুটবল প্রতিযোগিতা ২০২২ অনুষ্ঠিত হয়। উক্ত ফুটবল প্রতিযোগিতায় সোলাম দল বানৌজা তিতুমীর দলকে ০২-০১ গোলে পরাজিত করে চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে।



চিত্রঃ কমান্ডার খুলনা নৌ অঞ্চল চূড়ান্ত ফুটবল প্রতিযোগিতা - ২০২২ অনুষ্ঠান।

৮। **বাৎসরিক পরিদর্শন- ২০২২।** সেপ্টেম্বর ২০২২ এ বানৌজা তিতুমীর, মোংলা, সোলাম, উপশম এবং নাবিক আবাসিক এলাকায় বাৎসরিক পরিদর্শন- ২০২২ অনুষ্ঠিত হয়। কমান্ডার খুলনা নৌ অঞ্চল রিয়ার এডমিরাল এম আনোয়ার হোসেন, এনজিপি, পিসিজিএম, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি উক্ত ঘাঁটি, সংস্থা ও কমখুল অধীনস্থ জাহাজ সমূহ পরিদর্শন করেন।



চিত্রঃ বানৌজা তিতুমীর ঘাঁটি ও নাবিক আবাসিক এলাকায় বাৎসরিক পরিদর্শন -২০২২।

৯। **নবীন নাবিকদের উদ্দেশ্যে ভাষণ।** গত ২৮ সেপ্টেম্বর ২০২২ তারিখ সকাল ০৮২০ ঘটিকায় মাননীয় কমান্ডার খুলনা নৌ অঞ্চল রিয়ার এডমিরাল এম আনোয়ার হোসেন, এনজিপি, পিসিজিএম, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি ঘাঁটিস্থ মাল্টিপারপাস হলে বি/২০২২ ব্যাচের নবীন নাবিকদের উদ্দেশ্যে ভাষণ প্রদান করেন।



চিত্রঃ মাননীয় কমান্ডার খুলনা নৌ অঞ্চল কর্তৃক বি/২০২২ ব্যাচের নবীন নাবিকদের উদ্দেশ্যে ভাষণ প্রদান।

সীমিত

১০। বিশেষ মোনাজাত।

গত ২৮ সেপ্টেম্বর ২০২২ তারিখ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার ৭৬ তম জন্ম বার্ষিকী উপলক্ষ্যে বানৌজা তিতুমীর কেন্দ্রীয় মসজিদে বিশেষ মোনাজাতের আয়োজন করা হয়। উক্ত মোনাজাতে কর্তব্যরত ব্যক্তি ব্যতিত সকল নৌ সদস্য ও অসামরিক ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।



চিত্রঃ মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার ৭৬ তম জন্ম বার্ষিকী উপলক্ষ্যে বানৌজা তিতুমীর কেন্দ্রীয় মসজিদে বিশেষ মোনাজাত।